

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৮৮

১/ বিবিধ

আরবী

من اغتیب عنده أخوه المسلم، وهو يستطيع نصره فنصره، نصره الله في الدنيا والآخرة، فإن استطاع نصره، فلم ينصره، أدركه الله به في الدنيا والآخرة
ضعيف جدا

أخرجه ابن وهب في " الجامع " (ص 68) : حدثني الحارث بن نبهان عن أبان عن أنس أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جدا، أبان وهو ابن أبي عياش متروك، وكذلك الحارث بن نبهان. لكن هذا قد توبع، فأخرجه ابن أبي الدنيا في " الصمت " (2 / 5 / 1) وابن عدي في " الكامل " (ق 25 / 1 و 2) والبيهقي في " شرح السنة " (3 / 441 - نسخة المکتب) ، من طرق أخرى عن أبان به. وأدخل ابن أبي الدنيا بين أبان وأنس العلاء بن أنس، وهو رواية لابن عدي، وقال في أبان: " هو بين الأمر في الضعف، وأرجو أنه ممن لا يتعمد الكذب، إلا أنه يشتبه عليه ويغلط، وهو إلى الضعف أقرب منه إلى الصدق

বাংলা

১৮৮৮। যার নিকটে তার মুসলিম ভাইয়ের গীবাত করা হবে, এমতাবস্থায় যে সে তাকে সাহায্য করতে সক্ষম এবং সে তাকে সহযোগিতাও করল তাহলে আল্লাহ তা'আলা তাকে দুনিয়া এবং আখেরাতে সাহায্য করবেন। আর যদি সে তাকে সহযোগিতা করতে সক্ষম হয়ে তাকে সাহায্য না করে তাহলে আল্লাহ তা'আলা তাকে দুনিয়া এবং আখেরাতে ধরবেন।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে ইবনু ওয়াহাব “আলজামে” গ্রন্থে (পৃঃ ৬৮) হারেস ইবনু নাবহান হতে, তিনি আবান হতে, তিনি আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ আবান হচ্ছেন ইবনু আবী আইয়্যাশ, তিনি মাতরক। অনুরূপভাবে হারেস ইবনু নাবহানও মাতরক।

কিন্তু হারেসের মুতাবায়াত করা হয়েছে। এটিকে ইবনু আবিদ দুনিয়া "আসসমত" গ্রন্থে (২/৫/১), ইবনু আদী "আলকামেল" গ্রন্থে (কাফ ২৫/১, ২) ও বাগাবী "শারহুস সুন্নাহ" গ্রন্থে (৩/৪৪১) অন্যান্য সূত্রে আবান হতে বর্ণনা করেছেন। ইবনু আবিদ দুনিয়া আবান আর আনাস (রাঃ)-এর মাঝে 'আলা ইবনু আনাসকে ঢুকিয়ে দিয়েছেন। এটি ইবনু আদীর বর্ণনা, আর তিনি আবান সম্পর্কে বলেছেনঃ দুর্বল হওয়ার ব্যাপারে তার বিষয়টি স্পষ্ট। আশা করি তিনি যারা ইচ্ছাকৃতভাবে মিথ্যা বলতেন তাদের অন্তর্ভুক্ত নন। তবে তার কাছে গোলমেলে হয়ে যেত এবং তিনি ভুল করতেন। তিনি দুর্বল হওয়ার দিকেই নিকটবর্তী সত্যবাদিতার দিক চেয়ে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72771>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন